UK Health
Security
Agency

NHS

# টিকা ও পোরসাইন জিলেটিন

## এই লিফলেটটি বর্ণনা করে কিভাবে ও কেন পোরসাইন জিলেটিন টিকায় ব্যবহৃত হয়

কিছু টিকায় শূকরের উপাদান থাকার বিষয়টি কিছু গোষ্ঠীর মধ্যে উদ্বেগের সৃষ্টি করেছে।

এই লিফলেটটি তৈরি করা হয়েছে এই পদার্থ বিশিষ্ট টিকা এবং উপলভ্য বিকল্প উপায় সম্পর্কিত তথ্য প্রদানের জন্য।

### জিলেটিন কী?

জিলেটিন হলো মুরগি, গবাদি পশু, শূকর ও মাছের মত প্রাণীর কোলাজেন হতে প্রাপ্ত পদার্থ। টেন্ডন, অস্থিসন্ধি, অস্থি ও তরুণাস্থিতে কোলাজেন পাওয়া যায়। পোরসাইন জিলেটিন পাওয়া যায় শূকরের কোলাজেন থেকে। ওষুধে ব্যবহৃত সব ধরনের জিলেটিন কঠোর স্বাস্থ্যব্যবস্থা ও নিরাপত্তা বিধান মেনে প্রস্তুত করা হয়।

### টিকাতে পোরসাইন জিলেটিন ব্যবহার করা হয় কেন?

অনেক ক্যাপসুল ও কিছু কিছু টিকাসহ ওষুধে জিলেটিন বেশ ব্যাপকভাবে ব্যবহার করা হয়। পোরসাইন জিলেটিন স্টেবিলাইজার বা স্থিতিকারক হিসেবে টিকায় ব্যবহৃত হয় - যাতে সংরক্ষণের সময় টিকা নিরাপদ ও কার্যকর থাকে। টিকা প্রস্তুতকারকেরা সাধারণত অনেক ধরনের স্টেবিলাইজার পরীক্ষা করে থাকেন এবং সেটিই নির্বাচন করেন যেটি স্থিতিশীল, ভালো মানের এবং পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায়। খাবারে ব্যবহৃত জিলেটিনের তুলনায় টিকায় ব্যবহৃত জিলেটিন অত্যন্ত বিশুদ্ধ হয় এবং এদেরকে পেপটাইড নামক ছোট ছোট অণুতে ভেঙে ফেলা হয়।

### টিকা কেন অন্যান্য স্টেবলাইজার বা অন্য কোনো ধরনের জিলেটিন দিয়ে তৈরি করা যায় না?

একটি টিকা নিরাপদ ও কার্যকর উভয়ই নিশ্চিত করার জন্য টিকা তৈরিতে ল্যাবরেটরিতে পরীক্ষা ও চিকিৎসাগত গবেষণায় অনেক বছর লেগে যায়। প্রস্তুতকারক টিকার জন্য স্টেবিলাইজার নির্বাচন করার পর, এতে কোনো পরিবর্তন হলে উক্ত টিকার নিরাপত্তা ও কার্যকারিতা নষ্ট হয়নি তা প্রমাণের জন্য ব্যাপক ল্যাবরেটরি ও চিকিৎসাগত গবেষণার প্রয়োজন হয়। এই কারণে একটি ভিন্ন স্টেবিলাইজার বিশিষ্ট একটি নতুন নিরাপদ ও কার্যকর টিকা আবিষ্কারে বহু বছর সময় লাগতে পারে বা এমনকি আবিষ্কার করা নাও যেতে পারে।

### কোন কোন টিকায় পোরসাইন জিলেটিন রয়েছে?

যুক্তরাজ্যের নিয়মিত টিকা প্রদান কর্মসূচিতে তিনটি টিকা রয়েছে যেগুলির মধ্যে পোরসাইন জিলেটিন রয়েছে:

- Fluenz® Tetra, একটি ন্যাজাল স্প্রে ভ্যাকসিন যেটি বাচ্চাদেরকে ফ্লুর প্রকোপ থেকে সুরক্ষা প্রদান করে
- MMR VaxPro®, হাম, মাম্পস ও রুবেলা থেকে সুরক্ষা প্রদানকারী টিকা
- Zostavax®,, যে টিকা বয়স্কদেরকে কোঁচদাদ রোগ থেকে সুরক্ষিত রাখে।

## ধর্মে বিশ্বাসী সম্প্রদায়দের দৃষ্টিভঙ্গি কী?

পাবলিক হেলথ ইংল্যান্ড (PHE) কাশরুট অ্যান্ড মেডিসিনস ইনফরমেশন সার্ভিস এর সাথে আলোচনা করেছেন, যিনি বলেছেন:

'মনে রাখা দরকার যে ইহুদি আইন অনুসারে, মুখে খেতে হয় না এমন পণ্য পোরসাইন বা অন্যান্য প্রাণীজ উপাদান নিয়ে কোনো সমস্যা নেই। এর মধ্যে রয়েছে নাক, ইঞ্জেকশন, সাপোজিটরি, ক্রিম ও মলম হিসেবে দেওয়া হয় এমন টিকা।'

তবে, PHE স্বীকার করছেন যে ব্রিটিশ মুসলিম ও ইহুদি সম্প্রদায়ের মধ্যে বৈচিত্র্য আছে এবং তারা ও অন্য কিছু গোষ্ঠী মনে করতে পারে যে কোনো পোরসাইন পণ্যযুক্ত ওষুধ ও টিকা নিষিদ্ধ। এই সকল পরিস্থিতিতে, সম্ভবত উক্ত ব্যক্তি অনেক ফার্মাসিউটিক্যাল পণ্য গ্রহণ করতে পারবেন না যদি এর কোনো উপযুক্ত বিকল্প না থাকে এবং/অথবা পণ্যটি জীবন-রক্ষাকারী হিসেবে বিবেচনা করা না হয়।

## এই টিকাগুলোর কি কোনো উপযুক্ত বিকল্প আছে?

- **MMR:** যুক্তরাজ্যে আমাদের দুই ধরনের MMR টিকা আছে - MMR VaxPro® এবং Priorix® Priorix® এর মধ্যে জিলেটিন নেই এবং এটি MMR VaxPro®. এর মত নিরাপদ ও কার্যকর।

- **কোঁচদাদ:** Zostavax® হলো বর্তমানে যুক্তরাজ্যে প্রাপ্ত কোঁচদাদের একমাত্র টিকা।

- **Fluenz® Tetra:** সুস্থ বাচ্চাদের জন্য, এর সমতুল্য আর কোনো টিকা নেই। ইনজেকশন হিসেবে প্রয়োগ করা যায় এমন ফ্লুয়ের টিকা রয়েছে যেগুলোর মধ্যে শুকরের জিলেটিন নেই, কিন্তু এসব টিকা বাচ্চাদের শরীরে Fluenz® Tetra এর তুলনায় কম কার্যকরী বলে মনে করা হয়। কমিউনিটিতে ফ্লু বিস্তার রোধের ক্ষেত্রেও এগুলো কম কার্যকর হতে পারে।

এই টিকাগুলো শুধু ফ্লুয়ের জটিলতায় উচ্চ ঝুঁকিতে থাকা শিশু ও বয়স্কদের জন্য করা কর্মসূচির অংশ হিসেবে সুপারিশ করা হয়।

## যদি লোকজন তাদের জন্য বা তাদের সন্তানদের জন্য পোরসাইন জিলেটিন যুক্ত টিকা না নিতে চায় তাহলে কী হবে?

আপনাকে বা আপনার সন্তানকে টিকা দেওয়া হবে কিনা সে ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত আপনার। আপনার নিজের বা আপনার বাচ্চার টিকা গ্রহণের ক্ষেত্রে জেনেশুনে একটি সিদ্ধান্ত নিতে এসব টিকার সুবিধা বা অসুবিধাগুলোর ব্যাপারে যেসব তথ্য প্রমাণ রয়েছে সেগুলো আপনি বিবেচনা করতে পারেন।

যেসব পিতামাতা চান না যে তাদের সন্তান পোরসাইন জিলেটিনযুক্ত MMR টিকা নিক তারা তাদের GP এর কাছে Priorix® টিকার অনুরোধ জানাতে পারেন। দুই ডোজের সম্পূর্ণ কোর্স হাম, মাম্পস ও রুবেলা থেকে সুরক্ষা প্রদান করবে। অনুগ্রহ করে মনে রাখবেন এই পণ্যটির অর্ডারে অনুশীলনের প্রয়োজন হতে পারে যা বিশেষ করে অ্যাপয়েন্টেমেন্টের আগে তাদেরকে আপনার মতামত জানাতে সাহায্য করবে।

আপনার সন্তানের দুর্বল স্বাস্থ্য অবস্থার কারণে ফ্লুয়ের উচ্চ ঝুঁকিতে থাকলে, নাসিক টিকাটি সবচেয়ে ভালো বিকল্প হিসেবে বিবেচনা করা হয়। যদি তারা নাসিক স্প্রে না দিতে চায় বা চিকিৎসাগত কারণে দেওয়া না যায় তাহলে তাদেরকে ইঞ্জেকশনের মাধ্যমে ফ্লু টিকা নিতে হবে। ফ্লুয়ের উচ্চ ঝুঁকিতে থাকা বয়স্কদের জন্যও, ইঞ্জেকশনের মাধ্যমে টিকাটি দিতে হবে। আপনার বাচ্চা যদি ফ্লুতে আক্রান্ত হবার উচ্চ ঝুঁকিতে না থাকে এবং আপনি যদি শুকরের জিলেটিনযুক্ত চিকিৎসা সংক্রান্ত পণ্য ব্যবহার করতে না চান তাহলে আপনি আপনার অপশনগুলো নিয়ে আপনার নার্স বা ডাক্তারের সাথে আলোচনা করুন।

যেসব বয়স্ক লোকজন কোঁচদাদের হাত থেকে নিজেদের সুরক্ষিত রাখতে চান তাদের জন্য বর্তমানে Zostavax® এর কোনো বিকল্প নেই।

**টিকা দেওয়ার ব্যাপারে আপনি যদি আপনার সিদ্ধান্ত নেওয়ার পূর্বে আরো তথ্য পেতে চান, আপনি আপনার ডাক্তার বা প্র্যাক্টিস নার্সের সাথে কথা বলতে পারেন। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ যদি আপনি এমন রোগের উচ্চ ঝুঁকিতে থাকেন যেগুলো এই টিকাগুলি দিয়ে কার্যকরভাবে প্রতিরোধ করা যায়।**

© Crown copyright 2020. পাবলিক হেলথ ইংল্যান্ড কর্তৃক 2015 সালের আগস্টে একটি pdf হিসেবে প্রথম প্রকাশিত হয়। পাবলিক হেলথ ইংল্যান্ড গেটওয়ে নম্বর 2022474। পণ্য কোড: 2020301A 1P OCT 2020 (APS). হেলথ পাবলিকেশন্স লিংক: www.healthpublications.gov.uk/Home.html এবং লিফলেটের পেপার কপি, পোস্টার ও রিসোর্স অর্ডার করার জন্য রেজিস্টার করুন। এছাড়া শুধুমাত্র ডিজিটাল উপায়ে পাওয়া যায় এধরণের অনেকগুলো রিসোর্স রয়েছে যেগুলো আপনি এখন ডাউনলোড করতে পারবেন, এর মধ্যে অনুবাদ করা রিসোর্সও রয়েছে।